# চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা
চট্টগ্রাম
মোবাইল নং- ০১৮২৪৪৭৭৬৯৩

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

(প্রেস বিজ্ঞপ্তি)

০৭ জুলাই'২০২৩খ্রি.

## জনসেবক রাজনীতিবিদের উজ্জ্বল উদাহরণ আফছারুল আমীনঃ মেয়র

জনসেবার মাধ্যমে রাজনীতিতে দৃঢ় অবস্থান তৈরির ক্ষেত্রে ডা. আফছারুল আমীন এক উজ্জ্বল উদাহরণ হয়ে টিকে থাকবেন বলে মন্তব্য করেছেন চট্টগ্রাম সিটি মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী।

শনিবার পি এইচ আমীন একাডেমি প্রাক্তন শিক্ষার্থী পরিষদ আয়োজনে মরহুম ডা. মোঃ আফছারুল আমীনের শোকসভায় প্রধান অতিথির বক্তব্যে মেয়র বলেন, ১৯৯১ সালে ভয়াবহ ঘূর্ণিঝড়ে বিভিন্ন আশ্রয়কেন্দ্রে চিকিৎসাসেবা দিয়ে আফছারুল আমীন মানুষের মন জয় করে নেন এবং আওয়ামী লীগের জনপ্রিয়তা বৃদ্ধিতে ভূমিকা রাখেন। তিনি আমৃত্যু হতদরিদ্র মানুষকে বিনামূল্যে চিকিৎসাসেবা দিয়েছেন। অর্থ নয়, মানবসেবাই মূখ্য ছিল আফছারুল আমীনের কাছে। জনসেবার মাধ্যমে রাজনীতিতে দৃঢ় অবস্থান তৈরির ক্ষেত্রে তিনি এক উজ্জ্বল উদাহরণ হয়ে টিকে থাকবেন, পথ দেখাবেন চট্টগ্রামের আওয়ামী লীগের ভবিষ্যৎ নেতৃত্বকে।

অহিদুল আমীনের সভাপতিত্বে এবং কাউন্সিলর মোঃ ইলিয়াছের সঞ্চালনায় সভায় বিশেষ অতিথি ছিলেন চট্টগ্রাম-১০ আসনের সংসদীয় উপ-নির্বাচনের আওয়ামী লীগ মনোনিত প্রার্থী মহিউদ্দিন বাচ্চু। উপস্থিত ছিলেন কাউন্সিলর নূরুল আমীন, ওয়াসিম উদ্দিন চৌধুরী, এরশাদুল আমীন, এস,এম,জাহিদ চৌধুরী, মাহবুবুল হক মিয়া, ডা. শাহ আলম, ডা. মাহিদ বিন আমীন, আবুল কালাম আবু, ফয়সাল আমীন, নুরুল আফছার চৌধুরী, সুলতান আহমেদ চৌধুরী, আশফাকুল আলম আশফাক, আনোয়ারুল হক জসিম, এস.এম. এরশাদ উল্লাহ, শেখ মোহম্মদ আবদুল মান্নান,আফগানি বাবু, সাইমন রিয়াদ, মাসুদসহ প্রমুখ।

## ডেঙ্গু থেকে বাঁচতে জনগণের ভূমিকাও প্রয়োজনঃ মেয়র

ডেঙ্গুর জীবাণুবাহী মশা নিধনে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগের পাশাপাশি জনগণের সক্রিয় ভূমিকা প্রয়োজন বলে মন্তব্য করেছেন চট্টগ্রাম সিটি মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী।
বৃহস্পতিবার নগরীর ৩৫নং ওয়ার্ডে চাকতাই খাতুনগঞ্জ এলাকায় বিভিন্ন খাল, নালা, সড়ক পরিদর্শনকালে মেয়র বলেন, মশা কমাতে চসিকের উদ্যোগে ১০০ দিনের ক্রাশ প্রোগ্রাম চলমান আছে। তবে, মশার উপদ্রব কমাতে জনগণকেও গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে হবে। বিশেষ করে ঘর ও ছাদে জমে থাকা পানিতে বিপুল মশা জন্ম নিচ্ছে। এক্ষেত্রে জনগণকে স্ব-উদ্যোগে নিজ নিজ বাসভবনে জমে থাকা পানি সরাতে হবে। তবেই, ক্রাশ প্রোগ্রামের প্রকৃত সুফল পাওয়া যাবে।
"ডেঙ্গু আক্রান্ত হয়েও অনেকেই ঔষুধের দোকান থেকে ডাক্তারের পরামর্শ ছাড়াই সাধারণ জ্বরের ঔষুধ গ্রহণ করছেন। ফলে তারা একদম শেষসময়ে হাসপাতালে ভর্তি হচ্ছে। এজন্য জনগণের প্রতি আহবান ডেঙ্গুর লক্ষণ দেখা যাওয়ার সাথে সাথে সরকারি হাসপাতালে ভর্তি হোন। দ্রুত সুচিকিৎসা গ্রহণে ডেঙ্গু ভালো হয়।" এসময় মেয়রের সাথে কাউন্সিলর হাজী নুরুল হক ও চসিকের কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

## এডিস মশার লার্ভা পাওয়ায় আট ভবনমালিককে জরিমানা চসিকের

এডিস মশার লার্ভা পাওয়ায় আটটি ভবনের মালিককে ৪৩ হাজার টাকা জরিমানা করেছে চট্টগ্রাম সিটি কর্পোরেশন।
বৃহস্পতিবার সকালে নগরীর খুলশী থানাধীন উত্তর খুলশি এলাকায় মোবাইল কোর্ট পরিচালনা করেন চসিকের স্পেশাল ম্যাজিস্ট্রেট মনীষা মহাজন । অভিযানে মশা নিধন কার্যক্রম পরিচালনা করেন চসিক মেয়রের একান্ত সচিব ও প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা মুহাম্মদ আবুল হাশেম।
অভিযানে ২৫ টি বাড়ি পরিদর্শন করে একটি নির্মাণাধীন ভবনের নীচে এডিস মশার বংশ বিস্তারে জমাটবদ্ধ পানির উৎস পাওয়ায় এবং অপর ৭টি ভবনের ছাদে পরিত্যাক্ত টব ও পাত্রে এডিস মশার লার্ভা পাওয়ায় ভবন মালিকদের বিরুদ্ধে মামলা রুজুপূর্বক সর্বমোট ৪৩ হাজার টাকা জরিমানা আদায় করা হয়।
এসময় এডিস মশা প্রতিরোধে জনসচেতনতামূলক মাইকিং ও লিফলেট বিতরণের পাশাপাশি মশা নিধনে ঔষধ স্প্রে করা হয়।
অভিযানকালে সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারী ও চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ ম্যাজিস্ট্রেটকে সহায়তা করেন।

এছাড়া, বুধবারও পাঁচলাইশ এলাকায় দুটি ভবনকে মশার লার্ভা থাকায় হাজার টাকা জরিমানা করেন সিনিয়র সহকারী সচিব রেজাউল করিম।

## করোনার ৩য় ও ৪র্থ টিকার ক্যাম্পেইন করবে চসিক

চট্টগ্রাম সিটি কর্পোরেশন এলাকায় সোম ও মঙ্গলবার (১০ ও ১১ জুলাই) করোনার টিকা প্রদান করবে চসিকের স্বাস্থ্য বিভাগ। এ ক্যাম্পেইন চলাকালে ১৮ বছর বা তদুর্ধ ব্যক্তিদের ফাইজার ভ্যারিয়েন্ট কন্টেননিং ভ্যাকসিন (ভিসিভি) ৩য় ও ৪র্থ ডোজ এবং সিনোর্ফাম ১ম ও ২য় ডোজ দেওয়া হবে।
বৃহস্পতিবার চসিক জেনারেল হাসপাতালে চসিকের প্রধান স্বাস্থ্য কর্মকর্তা ডা. সেলিম আকতার চৌধুরীর সভাপতিত্বে এ উপলক্ষে একটি সমন্বয় সভা অনুষ্ঠিত হয়। সভায় বক্তব্য রাখেন চসিক স্বাস্থ্য স্ট্যান্ডিং কমিটির সদস্য ও কাউন্সিলর আব্দুস সালাম মাসুম, স্বাস্থ্য কর্মকর্তা ডাঃ মোঃ ইমাম হোসেন রানা, বিভাগীয় কো-অর্ডিনেটর ডাঃ ইমং প্রু চৌধুরী, জোনাল মেডিকেল অফিসার ডাঃ মোঃ রফিকুল ইসলাম, ডাঃ তপন কুমার চক্রবর্ত্তী, ডাঃ মোঃ হাসান মুরাদ চৌধুরী, ডাঃ আকিল মাহমুদ নাফে, ডাঃ জুয়েল মহাজন । মূল কর্মসূচী সম্পর্কে বিভিন্ন তথ্য উপস্থাপন করেন বিশ্ব স্বাস্থ্য সংস্থার সার্ভিল্যান্স এন্ড ইম্যুনাইজেশন মেডিকেল অফিসার ডাঃ মোঃ সরওয়ার আলম। সভা পরিচালনা করেন ভ্যাকসিনেশান ইনচার্জ মোঃ আবু ছালেহ।
সভাপতির বক্তব্যে প্রধান স্বাস্থ্য কর্মকর্তা ডাঃ সেলিম আকতার চৌধুরী বলেন, পূর্বের তুলনায় বর্তমানে কোভিড আক্রান্তের হার নিম্নমুখী হওয়ায়, জনগণের মধ্যে শিথিলতা লক্ষ্য করা যাচ্ছে। এছাড়া এখনো বস্তি এলাকায় করোনার টিকা গ্রহন করেনি এমনও জনসাধারণদের টিকার আওতায় আনতে হবে।

কোভিড-১৯ ভ্যাকসিনেশন কার্যক্রমে চসিক যে সফলতা অর্জন করেছে তা অব্যাহত রাখতে আসন্ন ওয়ার্ড পর্যায়ে কোভিড-১৯ টিকাদান কার্যক্রম বাস্তবায়নের লক্ষে সকল জোনাল মেডিকেল অফিসারগণকে সুনির্দিষ্ট কর্ম পরিকল্পনা করে টিকা কার্যক্রম বাস্তবায়ন করার আহবান জানান তিনি।

স্বাক্ষরিত/-
**(আজিজ আহমদ)**
জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার
চট্টগ্রাম সিটি কর্পোরেশন।
মোবাইল-০১৮১৯-৯৩০ ৪৮৮